

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ  
অর্থ মন্ত্রণালয়  
শের-ই- বাংলা নগর, ঢাকা  
www.erd.gov.bd

১৯ নভেম্বর, ২০১৫, বৃহস্পতিবার

## প্রেস বিজ্ঞপ্তি

আজ ১৯ নভেম্বর, ২০১৫ তারিখ বিকাল ৩.৩০ ঘটিকায় শেরেবাংলা নগরস্থ অর্থনৈতিক সম্পর্ক বিভাগের এনইসি ২ সম্মেলন কক্ষে বাংলাদেশ ও দক্ষিণ কোরিয়া সরকারের মধ্যে ২০১৫-২০১৭ মেয়াদের জন্য ৩৫০.০০ মিলিয়ন মার্কিন ডলার (২৮০০.০০ কোটি টাকা) নমনীয় ঋণ সহায়তা সংক্রান্ত একটি “Framework Arrangement” স্বাক্ষরিত হয়। বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মেজবাহউদ্দিন এবং দক্ষিণ কোরিয়া সরকারের পক্ষে বাংলাদেশে নিযুক্ত দক্ষিণ কোরিয়ার মান্যবর রাষ্ট্রদূত H.E. Mr. Ahn Seong-doo উক্ত Framework Arrangement-টি স্বাক্ষর করবেন। উক্ত Framework Arrangement স্বাক্ষরকালে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকাস্থ কোরিয়ান দূতাবাস, কোরিয়ার উন্নয়ন সহযোগী সংস্থা (EDCF)-এর কর্মকর্তা এবং বিভিন্ন গণ মাধ্যমের (প্রিন্ট ও ইলেক্ট্রনিকস মিডিয়া) প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।

বিবেচ্য Framework Arrangement-টি কোন বিশেষ প্রকল্পের ঋণ চুক্তি নয়। এ Framework Arrangement -টি একটি Umbrella Agreement হিসাবে বিবেচিত হবে। বিবেচ্য Framework Arrangement-এর অন্যতম প্রধান উদ্দেশ্য হল বাংলাদেশ এবং কোরিয়ার মধ্যে পারস্পরিক উন্নয়ন সহযোগিতা সংক্রান্ত সাধারণ শর্তাবলী (Terms and Conditions) নির্ধারণ করা এবং এ Framework Arrangement-এর আওতায় পরবর্তীতে ভিন্ন ভিন্ন Subsidiary Agreement-এর মাধ্যমে কোরিয়ার উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান Economic Development Cooperation Fund (EDCF) থেকে ২০১৫-২০১৭ মেয়াদে বাংলাদেশের বিভিন্ন উন্নয়ন প্রকল্পে ৩৫০.০০ মিলিয়ন মার্কিন ডলার সমপরিমাণ আর্থিক ও কারিগরি সহায়তা প্রদান করা।

উল্লেখ্য যে, বাংলাদেশের অন্যতম বন্ধুপ্রতীম দেশ হিসাবে দক্ষিণ কোরিয়া সরকার ১৯৯৩ সাল থেকে বাংলাদেশের শিক্ষা, স্বাস্থ্য, যোগাযোগ, পরিবহন, বিদ্যুৎ ও তথ্য-প্রযুক্তির ক্ষেত্রে বিভিন্ন আর্থিক ও কারিগরি সহায়তা প্রদান করে আসছে। বিশেষতঃ তথ্য-প্রযুক্তির বিকাশ এবং ব্যপক ব্যবহারের ক্ষেত্রে দক্ষিণ কোরিয়ার অবদান প্রশংসনীয়। ইতঃপূর্বে দক্ষিণ কোরিয়ার সঙ্গে বাংলাদেশের প্রায় ৬৮০.০০ মিলিয়ন মার্কিন ডলার সহায়তা সংবলিত ১৮ টি চুক্তি স্বাক্ষরিত হয়েছে। বর্তমানেও ৪৬০.৬২৯ মিলিয়ন মার্কিন ডলার নমনীয় ঋণ সংবলিত ৮টি প্রকল্প চলমান রয়েছে। তাছাড়াও ৫১৬.৮২ মিলিয়ন মার্কিন ডলার নমনীয় ঋণ সংবলিত ০৮ টি প্রকল্প স্বাক্ষরের প্রক্রিয়াধীন রয়েছে। এই Framework Arrangement-এর আওতায় প্রক্রিয়াধীন প্রকল্পসমূহে আর্থিক ঋণ সহায়তা প্রদান করা হবে।

স্বাক্ষরিত Framework Arrangement-এর আওতায় আজই ১৩০.৯১৬৭ মিলিয়ন মার্কিন ডলার (১০৪৭.৩৩ কোটি টাকা) নমনীয় ঋণ সহায়তা সংবলিত “Establishment of a Multi-disciplinary and Super Specialized Hospital at BSMMU” শীর্ষক প্রকল্পের ঋণ চুক্তি স্বাক্ষরিত হয়। প্রস্তাবিত প্রকল্পের আওতায় ৭০০ শয্যাবিশিষ্ট হাসপাতাল নির্মাণসহ মারাত্মকভাবে অসুস্থ ও ক্রনিক ডিজিজে আক্রান্ত রোগীদের উন্নত স্বাস্থ্য সেবা প্রদানের মাধ্যমে সামাজিক ও জাতীয় উন্নয়ন সাধন করা। পাশাপাশি উন্নত চিকিৎসা, চিকিৎসা পদ্ধতি ও দক্ষতার বিষয়ে উচ্চতর মান সম্পন্ন শিক্ষা/প্রশিক্ষণের মাধ্যমে চিকিৎসা কর্মীদের দক্ষতার উৎকর্ষ সাধন করা। এই Framework Arrangement-এর আওতায় চলতি অর্থবছরেই আরও ০৩ টি প্রকল্পের মোট ২২৭.৮৪৬ মিলিয়ন মার্কিন ডলার নমনীয় ঋণ সহায়তা সংবলিত আর্থিক নমনীয় ঋণ চুক্তি স্বাক্ষরিত হবে মর্মে আশা করা যায়।

  
২৯.১১.২০১৫

মোঃ তোফায়েল ইসলাম  
উপ-সচিব  
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ  
অর্থ মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

Date: 19 November, 2015, Thursday

## Press Release

A Framework Arrangement has been signed today, the 19 November, 2015 at 3.30 PM in the Conference Room (NEC 2) of Economic Relations Division (ERD), Sher-e-Bangla Nagar, Dhaka between the Government of the People's Republic of Bangladesh and the Government of the Republic of Korea. On behalf of the Government of Bangladesh Mr. Mohammad Majbahuddin, Senior Secretary, Economic Relations Division (ERD), Ministry of Finance and on behalf of the Korean Government H.E. Mr. Ahn Seong-doo, Ambassador, Embassy of the Republic of Korea to Bangladesh signed this Framework Arrangement. Concerned officials of ERD, Economic Development Cooperation Fund (EDCF) and the Korean Embassy to Dhaka as well as representatives from various print and electronic media were present at the signing ceremony.

This Framework Arrangement is not a specific project agreement. It will work as an Umbrella Agreement. The main objective of this "Framework Arrangement" is to set terms and conditions for development cooperation between two countries Bangladesh and Korea and to provide financial and technical assistance equivalent to US\$ 350.00 million (Taka 2800.00 crore) from the Economic Development Cooperation Fund (EDCF) in favour of various Development project of Bangladesh through a number of individual 'Subsidiary Agreements' during 2015-2017.

It can be mentioned here that as a development partner, the Republic of Korea provides assistances to various sectors like Education, Health, Transport, Communication, Power and Information and Communication Technology (ICT) of Bangladesh since 1993. Since then, the Government of Korea provided nearly US\$ 680.00 million through 18 development projects. Currently, there are eight (8) ongoing EDCF funded projects with a total cost of nearly US\$ 460.629 million. Moreover there are 8 EDCF funded projects with a total cost of about US \$ 516.82 million are under the process of signing. Loan will be provided for the upcoming projects under this Framework Arrangement. It can also be mentioned specially that the rule of South Korea expedite their support to develop and use of information Technology in Bangladesh.

Under this "Framework Arrangement" the Loan Agreement of the project "Establishment of Multi-disciplinary and Super Specialized Hospital at BSMMU" is signed today with an amount of US \$ 130.9167 million (Taka 1047.33 crore). The objectives of the project are to establish of a 700 bed hospital aims at improving accessibility of medical services, particularly for severe illness and chronic diseases. Achievement of this goal will benefit both communities and the nation. It is expected that three more Loan Agreement will be signed with an estimated amount of US \$ 227.846 million soft loan for the FY 2015/16 under this Framework Arrangement.

  
19.11.2015  
**Md. Tofael Islam**  
Deputy Secretary  
Economic Relations Division  
Ministry of Finance  
Govt. of the People's Republic of Bangladesh